

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০
www.fisheries.gov.bd

নং ৩৩.০২.০০০০.১০২.০১.০২২.৮২-৮১৫

তারিখঃ- ০৪/০২/২০১৬ খ্রি।

অফিস আদেশ

জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ এর জন্ম তারিখ ৩০-০৯-১৯৫৭ খ্রি. অনুযায়ী ২৯-০৯-২০১৬ খ্রি. তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় গণ কর্মচারী (অবসর) (সংশোধন) আইন ২০১০ এবং অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের ০৬-০৪-২০১০ খ্রি. তারিখের অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০ (অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপন মোতাবেক ২৯-০৯-২০১৬ খ্রি. তারিখ হতে বর্ণিত কর্মকর্তাকে অবসর প্রদান এবং ৩০-০৯-২০১৬ খ্রি. হতে ২৯-০৯-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (Post Retirement Leave) এতদ্বারা মঞ্জুর করা হলো।

২। জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ কে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫/১২/২০১৫ খ্রিঃ তারিখের এস. আর. ও নং ৩৬৯-আইন/২০১৫ এর ১০ (২) নং অনুচ্ছেদ মোতাবেক এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ (ছ) ও ৪ নং মোতাবেক ১৮ (আঠার) মাসের (কর্মকর্তার গড় বেতনে ২ বৎসর ০৯ মাস ১০ দিন এবং অর্ধ গড় বেতনে ২ বৎসর ০৯ মাস ২৪ দিন ছুটি পাওনা রয়েছে। উক্ত ছুটি হতে পিআরএল জনিত কারণে ১ বৎসর ছুটি মঞ্জুর করায় কর্মকর্তার গড় বেতনে অবশিষ্ট ১ বৎসর ০৯ মাস ১০ দিন এবং অর্ধ গড় বেতনে ২ বৎসর ০৯ মাস ২৪ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছে। মূল বেতনের সমপরিমাণ অর্থ অর্থাৎ ৫১,৩০০×১৮=৯,২৩,৪০০/- (নয় লক্ষ তেইশ হাজার চারশত) টাকা মাত্র ছুটি নগদায়ন বা লাম্পসুমা বাবদ উত্তোলনের মঞ্জুরী প্রদান করা হলো।

৩। কর্মকর্তাকে তাঁর নিকট রক্ষিত দায়িত্বভার সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ এর নিকট হস্তান্তরপূর্বক অবসর উত্তর ছুটিতে গমন করার জন্য এতদ্বারা অনুরোধ করা হলো।

(সৈয়দ আরিফ আজাদ)

মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)

ফোন-৯৫৬২৮৬১

ই-মেইল : dg@fisheries.gov.bd

তারিখঃ- ০৪/০২/২০১৬ খ্রি।

নং ৩৩.০২.০০০০.১০২.০১.০২২.৮২-৮১৫.২(১৫)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (রিজার্ভ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিকল্পনা ও জরীপ/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রশাসন)/(অর্থ ও পরিকল্পনা)/(ফিল্ড সার্ভিস)/(মৎস্যচাষ)/(চিংড়ি), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। অফিস আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ।
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ।
- ৬। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ।
- ৭। সিস্টেম এনালিস্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
- ৯। জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ।
- ১০। ব্যক্তিগত নথি।

মহাপরিচালকের পক্ষে

(কায়সার মুহাম্মদ মঈনুল হাসান)

সহকারী পরিচালক (প্রশাসন-১)

ফোন : ০২-৯৫৬৭২১৮

ই-মেইল : adadmin_1@fisheries.gov.bd